গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সংস্থাপন শাখা

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | ড. মুহাম্মদ মোশাররফ হোসেন<br>বিভাগীয় কমিশনার, সিলেট |
| সভার তারিখ | : ২৪ জুলাই ২০২৩ |
| সভার সময় | : দুপুর ০২:০০ টা |
| স্থান | : বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর সভাকক্ষ |
| উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হলে তা সংশোধনী ব্যতীত অনুমোদিত হয়। সভায় অতঃপর নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td><u>০১. গত সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:</u><br><br>২৭ এপ্রিল ২০২৩ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:
<table>
<tr><th>সভার তারিখ</th><th>গৃহীত সিদ্ধান্তের সংখ্যা</th><th>সিদ্ধান্ত বাস্তবায়নের সংখ্যা</th><th>সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতির হার</th></tr>
<tr><td>২৭.০৪.২০২৩</td><td>১০</td><td>১০</td><td>১০০%</td></tr>
</table></td><td>১.১. গত সভায় গৃহীত ১০টি সিদ্ধান্তের মধ্যে ১০টি সিদ্ধান্তই বাস্তবায়িত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। এ ধারা অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়।</td><td>১.১ ভারপ্রাপ্ত কর্মকর্তা, (সকল শাখা)</td></tr>
<tr><td><u>০২. নৈতিকতা কমিটির সভা:</u><br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে বিভাগীয় নৈতিকতা কমিটির সভা প্রতি ত্রৈমাসিকের ১ম মাসে অনুষ্ঠিত হচ্ছে এবং সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিতকরণে তদারকি করা হচ্ছে। সভা অনুষ্ঠান ও সিদ্ধান্ত বাস্তবায়ন অব্যাহত প্রক্রিয়া মর্মে সভায় জানানো হয়।</td><td>২.১ নৈতিকতা কমিটির সভা নিয়মিতভাবে প্রতি ত্রৈমাসিকের ১ম মাসে আয়োজন এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিত করার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>২.১ সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| **<u>০৩. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ ও অনুমোদন প্রদান:</u>**<br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে এ কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২০২২-২৩ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিকের (বার্ষিক) প্রতিবেদন ১০ জুলাই ২০২৩ তারিখের ৭১২ নম্বর স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও ওয়েবপোর্টালে আপলোড করা হয়েছে। প্রেরিত ৪র্থ ত্রৈমাসিকের (বার্ষিক) প্রতিবেদন পর্যালোচনাপূর্বক সভায় অনুমোদন প্রদান করা হয়। এছাড়া চলতি ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্ম-পরিকল্পনাও সভায় পর্যলোচনাপূর্বক অনুমোদন প্রদান করা হয়। | ৩.১ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রেরণ এবং ওয়েবপোর্টালে আপলোডের ধারা অব্যাহত রাখতে হবে।<br><br>৩.২ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত এ কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২০২২-২৩ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিকের (বার্ষিক) প্রতিবেদন এবং চলতি ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্ম-পরিকল্পনার অনুমোদন প্রদান করা হলো। | ৩.১ সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা<br><br>৩.২ সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা |
| **<u>০৪. শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ:</u>**<br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে বিভাগীয় কমিশনারের কার্যালয়ের শুদ্ধাচার সেবাবক্স নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে। শুদ্ধাচার সেবাবক্স সংশ্লিষ্ট তথ্যাদি/প্রতিবেদন সাথে সাথে ওয়েবপোর্টালের সেবাবক্সে হালনাগাদ করা হচ্ছে। এ ধারা অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৪.১ শুদ্ধাচার সেবাবক্স নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে। প্রতি ত্রৈমাসিকে ন্যূনতম একবার হালনাগাদ নিশ্চিত করতে হবে। | ৪.১ সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি সেল/ সংস্থাপন শাখা |
| **<u>০৫. এ কার্যালয়ের রাজস্ব আপিল মামলা পরিচালনায় স্বচ্ছতা আনয়ন:</u>**<br>গত অর্থবছরের ন্যায় বর্তমান ২০২৩-২৪ অর্থবছরেও শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় এ কার্যালয়ের রাজস্ব আপিল মামলা পরিচালনায় স্বচ্ছতা আনয়নের নিমিত্ত **(১) ২০২০ সাল পর্যন্ত সকল পুরনো মামলা নিষ্পত্তিকরণ** এবং **(২) চলমান মামলার তারিখসমূহ ওয়েবসাইটে প্রকাশ** করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা মোতাবেক অর্জন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। | ৫.১ চলমান মামলার তারিখসমূহ নিয়মিতভাবে ওয়েবসাইটে প্রকাশ ও হালনাগাদের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ৫.১ সিনিয়র সহকারী কমিশনার, রাজস্ব শাখা/আইসিটি সেল। |
| **<u>০৬. জেলাপ্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ-এর ভূমি অধিগ্রহণ শাখার ক্ষতিপূরণের আবেদন নিষ্পত্তিতে স্বচ্ছতা আনয়ন:</u>**<br>সভায় জানানো হয় যে, ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩.৩ নম্বর কার্যক্রম মোতাবেক জেলাপ্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ-এর ভূমি অধিগ্রহণ শাখার ক্ষতিপূরণের আবেদন নিষ্পত্তিতে স্বচ্ছতা আনয়নের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা মোতাবেক অর্জন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। | ৬.১ এ বিষয়ে ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা মোতাবেক অর্জন নিশ্চিত করতে হবে। | ৬.১ সিনিয়র সহকারী কমিশনার, রাজস্ব শাখা। |
| <u>০৭. বিদ্যুৎ ব্যবহারে কৃচ্ছ্রসাধন সংক্রান্ত:</u><br>বর্তমান জ্বালানী সংকট মোকাবেলা ও সরকারের নির্দেশনা মোতাবেক বিদ্যুৎ ব্যবহারের উপর কৃচ্ছ্রসাধনের উপর সভায় জোর দেওয়া হয়। এজন্য বিদ্যুৎ ব্যবহারে সবাইকে মিতব্যয়ী হওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ৭.১ বিদ্যুৎ ব্যবহারে সর্বোচ্চ কৃচ্ছ্রসাধন করতে হবে। | ৭.১ ভারপ্রাপ্ত কর্মকর্তা, (সকল শাখা) |

| | | |
|---|---|---|
| **০৮. বিবিধ:**<br>এ কার্যালয় কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ এর অন্যান্য সকল কার্যক্রমের প্রতি ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা এবং নির্দেশিকা মোতাবেক অর্জন নিশ্চিত করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | ৮.১ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ এর অন্যান্য সকল কার্যক্রমের প্রতি ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা এবং নির্দেশিকা মোতাবেক অর্জন নিশ্চিত করতে হবে। | ৮.১ ভারপ্রাপ্ত কর্মকর্তা, (সকল শাখা) |

**সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।**

ড. মুহাম্মদ মোশাররফ হোসেন
বিভাগীয় কমিশনার, সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৪.০৬.০১১.২১.৭৫৩

তারিখ: ৯ শ্রাবণ ১৪৩০
২৪ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), সিলেট বিভাগ, সিলেট।
৪) পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), সিলেট বিভাগ, সিলেট।
৬) উপপরিচালক, স্থানীয় সরকার শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৭) সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট (এ কার্যালয়ের ওয়েবপোর্টালের আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৮) সিনিয়র সহকারী কমিশনার, সাধারণ শাখা-১, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৯) সিনিয়র সহকারী কমিশনার, সাধারণ শাখা-২ , বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
১০) বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, সিলেট (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১) সিনিয়র সহকারী কমিশনার, নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
১২) সিনিয়র সহকারী কমিশনার, পরিদর্শন ও মূল্যায়ন সেল সমন্বয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
১৩) সিনিয়র সহকারী কমিশনার, রাজস্ব শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।

নাসরিন চৌধুরী
সিনিয়র সহকারী কমিশনার

জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা

তারিখ: ২৪ জুলাই, ২০২৩
সময়: দুপুর ০২:০০ টা
স্থান: বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর সভা কক্ষ

| ক্রমিক | নাম ও পদবি | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | রেবজিৎ সিংহ<br>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)<br>সিলেট | 01730331001 | [signature]<br>২৪.০৭.২০২৩ |
| ০২ | নাসরিন চৌধুরী<br>সিনিয়র সহকারী কমিশনার<br>(সংস্থাপন ও সাধারণ-১,২) | 01717794548 | [signature]<br>২৪/০৭/২০২৩ |
| ০৩ | স্বজল মোল্লা<br>সিনিয়র সহকারী<br>কমিশনার | 01723-555026 | [signature]<br>24.07.23 |
| ০৪ | | | |
| ০৫ | | | |